**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 24-03-2024**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

**(১) কাল বৈশাখী ঝড়ে গতকাল রাজ্যের বিভিন্ন স্থানে ব্যাপক ক্ষয়ক্ষতি ।**

**(২) ডম্বুর জলাশয়ে ঝড়ের কবলে পড়ে চার মৎস্যজীবির মর্মান্তিক মৃত্যু ।**

**(৩) যক্ষা রোগ নিবারণে সচেতনতার উপর রাজ্যপালের গুরুত্ব আরোপ।**

**(৪) টিসিএ পরিচালিত মহিলাদের ঘরোয়া টি-২০ ক্রিকেটে ব্লাডমাউথ ক্লাব চ্যাম্পিয়ান ।**

*********************************************

**Hailstorm:**

কাল বৈশাখীর আচমকা ঝড়ে গতকাল রাতে রাজ্যের বিভিন্ন স্থানে ব্যাপক ক্ষয়ক্ষতি হয়েছে। সিপাহীজলা জেলার সোনামুড়া মহকুমার পূর্ব -পশ্চিম দূর্লভনারায়ন, বড়দোয়াল, মেলাঘর ও মোহনভোগ ব্লকের বিভিন্ন এলাকা ব্যাপক ক্ষতি হয়েছে। তাছাড়া মেলাঘর এলাকায় ঝড়ের তান্ডবে বহু বৈদুতিন খুঁটি ও বসত ঘরের ক্ষতি হয়েছে। অন্যদিকে বিশালগড় মহকুমার চড়িলাম, চেলিখলা, পদ্মনগর এলাকায় ঝড়-বৃষ্টির কারনে ক্ষতিগ্রস্ত হয়েছে বহু পরিবার। তাছাড়া, শিলা বৃষ্টির কারনে কৃষকের সবজি ক্ষেত ও ধানক্ষেতের ক্ষতি হয়েছে। প্রশাসনের পক্ষ থেকে ক্ষয়ক্ষতি নিরোপনের কাজ চলছে।

গোমতী জেলাশাসক তড়িৎ কান্তি চাকমা জানান, জেলার বিশেষ করে অমরপুর, কিল্লা, মাতাবাড়ি, কাকরাবণ সহ বিভিন্ন এলাকা অল্প বিস্তর ক্ষতি হয়েছে l অনেকের বাড়ি ঘর বিধ্বস্ত হয় l ক্ষতিগ্রস্ত এলাকা পরিদর্শন শেষে জেলাশাসক জানান যাদের ক্ষতি হয়েছে প্রশাসনিক নিয়ম অনুযায়ী তাদের আর্থিক সাহায্য দেওয়ার প্রক্রিয়া শুরু হয়েছে l

কালবৈশাখীর ঝড় ও ঝড়ো হাওয়ার কারণে গতরাতে ঊনকোটি জেলার কুমারঘাট মহকুমার নানাস্থানে কিছু ক্ষয়ক্ষতি হয়েছে।

ঊনকোটি জেলা প্রশাসনের বিপর্যয় মোকাবিলা বিভাগের জেলা প্রোগ্রাম আধিকারিক শুভজিৎ নাথ জানান,ঝড়ে কুমারঘাট মহকুমার ১৬ টি বাড়ী পুরোপুরিভাবে ক্ষতিগ্রস্থ হয়েছে। ২৪ টি বাড়ীঘরের আংশিক ক্ষতিসাধিত হয়েছে।

দক্ষিন জেলাতেও গতকালের ঝড়ে ব্যাপক ক্ষতি হয়েছে। বিধায়ক দীপঙ্কর সেন বিলিনিয়া মহকুমা শাসকের সাথে দেখা করে ক্ষতিগ্রস্থদের সাহায্য প্রদানের দাবি জানিয়েছেন।

রাজধানী আগরতলার ইন্দ্রনগর চৌধুরীটিলা এলাকায় গতকাল রাতে ঝড়ে ব্যাপক ক্ষয়ক্ষতি হয়। মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা গতকাল রাতে প্রবল ঘূর্ণিঝড়, বৃষ্টি ও শিলাবৃষ্টিতে সিপাহীজলা জেলা, দক্ষিণ জেলা, খোয়াই জেলা সহ রাজ্যের বিভিন্ন স্থানে হওয়া ব্যাপক ক্ষয়ক্ষতির বিষয়ে দুঃখ প্রকাশ করেছেন। তিনি বলেন এই দূর্যোগপূর্ণ পরিস্থিতিতে রাজ্য প্রশাসন সর্বোচ্চ গুরুত্ব দিয়ে জনগণের পাশে রয়েছে।

******************

**Death of of the fishermen:**

কাল বৈশাখীর ঝড়ে গতকাল রাতে ডম্বুর জলাশয়ে চারজন মৎস্যজীবির মৃত্যু হয়। অন্যান্য দিনের মতোই গতকাল রাতে গন্ডাতুইসা মহকুমার মনোরঞ্জনদাস পাড়ার ওই চার মৎস্যজীবি জাল নিয়ে মাছ ধরার জন্য ডম্বুর জলাশয়ে যান। রাত নয়টা নাগাদ প্রচন্ড ঝড় তুফান এবং বৃষ্টি শুরু হলে ওই চার মৎস্যজীবি জলাশয়ে ভাসমান মৎস্য দপ্তর কর্তৃক নির্মিত

আধুনিক মানের কেইস কালচারের ঘরে আশ্রয় নেয়। এক সময় ঝড়ো তুফানে কেইস কালচারের ঘরটি উল্টে যায়। আজ সকালে অন্যান্য মৎস্যজীবিরা লক্ষ করে দেখেন কয়েকটি নৌকা জলের উপর ভাসছে। কেইস কালচারটি উল্টে রয়েছে। ঘটনাস্থলে ছুটে আসে অগ্নি নির্বাপক দপ্তরের কর্মী, প্রাকৃতিক দুর্যোগ মোকাবেলার কর্মী, সাধারণ মানুষজন সহ নিখোঁজ ব্যক্তিদের পরিজনরা। আজ বিকাল চারটা পর্যন্ত তল্লাশি চালিয়ে চারজনের মধ্যে তিনজনের মৃতদেহ উদ্ধার করে গন্ডাতুইসা মহকুমা হাসপাতালে নিয়ে আসে দমকল কর্মীরা। যে তিনজন মৎস্যজীবির মৃতদেহ উদ্ধার হয়েছে তারা হলো যোগেশ মল্লিক, প্রদীপ দাস, এবং হরিদাস দাস। এখনো একজনকে উদ্ধারের কাজ চলছে।

*******************

**World T.B day:**

যক্ষা রোগ প্রতিরোধে জনগণের মধ্যে সচেতনতা বৃদ্ধির জন্য প্রতিবছর ২৪ শে মার্চ বিশ্ব যক্ষা দিবস পালন করা হয়। এই দিনেই যক্ষা রোগের জন্য দায়ী রোগ জীবাণু "মাইকোব্যাকটেরিয়ামের" আবিষ্কার হয়েছিল ১৮৮২ খ্রিস্টাব্দে ডা: রবার্ট কখ এই আবিষ্কার করেন। দুর্বল রোগ প্রতিরোধ ব্যবস্থা ডায়াবেটিস এবং অপুষ্টি এই রোগের বিস্তারের বড় কারণ। ১৯৮৩ সাল থেকে ২৪শে মার্চ দিনটি বিশ্ব যক্ষা দিবস হিসেবে পালিত হয়।

*******************

**World T.B day -Governor:**

রাজ্যপাল ইন্দ্র সেনা রেড্ডি নাল্লু টি বি রোগ মুক্ত ভারত গঠনের উপর গুরুত্ব দিয়েছেন। বিশ্ব টি বি দিবস উদযাপন উপলক্ষে আজ আগরতলার রাজভবনে আয়োজিত অনুষ্ঠানের উদ্বোধন করে রাজ্যপাল বলেন, সচেতনতা, সময়মতো অষুধ সেবনের মাধ্যমে টিবিরোগ থেকে সেরে ওঠা যায়। তিনি বলেন, ত্রিপুরায় ইতিমধ্যেই প্রায় পঞ্চাশ শতাংশ পঞ্চায়েত টিবি মুক্ত হিসাবে চিহ্নিত। এর উল্লেখ করে রাজ্যপাল বলেন, টিবি রোগ চিহ্নিত করন ও রোগ থেকে মুক্তি লাভের সব সরকারী ব্যবস্থা রয়েছে

রাজ্যে। এর আগে টিবিরোগ মুক্তির বিষয়ে শপথ বাক্য পাঠ করা হয়। অনুষ্ঠানে এন এইচ এম -এর এম ডি ডাঃ বিনয় ভুষণ দাস, রাজ্যের টিবি রোগ নির্মূলীকরণ আধিকারীক ডাঃ নূপুর দেববর্মা বক্তব্য রাখেন। রাজ্যপাল বলেন.................

#######Byte#######

*******************

**Export Ban on Onion:**

কেন্দ্রীয় সরকার পেঁয়াজ রপ্তানির উপর নিষেধাজ্ঞার সময়সীমা বৃদ্ধি করেছে। পেঁয়াজের মূল্য নিয়ন্ত্রণ এবং দেশে পেঁয়াজের যোগান অব্যাহত রাখতে সরকার ৩১ শে মার্চ পর্যন্ত এই আদেশ জারি করেছিল। এখন নিষেধাজ্ঞা পরবর্তী আদেশ না আসা পর্যন্ত বলবৎ থাকবে। তবে বন্ধু দেশগুলির ক্ষেত্রে পরিস্থিতির নিরিখে পেঁয়াজ রপ্তানি করা যাবে।

*******************

**Basanta Utsab:**

বাংলা সংস্কৃতি বলয় আগরতলা সংসদের উদ্যোগে আজ আগরতলার নন্দননগরের সেনপাড়া মাঠে সাপ্তাহিক সংস্কৃতি হাটে অনুষ্ঠিত হলো বসন্ত উৎসব। রাজধানীর বিভিন্ন সাংস্কৃতিক প্রতিষ্ঠানের শিল্পীরা সাংস্কৃতিক অনুষ্ঠান পরিবেশন করেন। রবীন্দ্র, নজরুল, ভাটিয়ালি বাউল, হজাগির, ঝুমুর, ধামাইল থেকে শুরু করে লোকসংস্কৃতির বিভিন্ন পর্যায়ের নাচ-গান। অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিধানসভার মুখ্য সচেতক কল্যাণী রায় ,বিধায়ক রতন চক্রবর্তী, বাংলা সংস্কৃতি বলয়ের মহাসচিব কাজী মাহাতব সুমন ও বাংলা সংস্কৃতি বলয়ের বিশ্ব কমিটির সভাপতি দেবাশীষ ভট্টাচার্য সহ অন্যান্যরা।

*******************

**Cloth Distribution:**

দোল উৎসব উপলক্ষে আজ আগরতলা প্রগতি রোডস্থিত কৃষ্ণনগর ক্লাবের উদ্যোগে দুস্থদের মধ্যে বস্ত্র বিতরণ করা হয়। এই বস্ত্র বিতরণ অনুষ্ঠানে উপস্থিত ছিলেন ক্লাব সভাপতি উত্তম ঘোষ সহ ক্লাবের কর্মকর্তারা। ১০০ জন গরিব মানুষের মধ্যে নতুন বস্ত্র বিতরণ করা হয় বলে জানিয়েছেন ক্লাব সভাপতি।

*******************

**Election CM Ambassa:**

আমবাসা টাউন হলে আজ বিজেপি'র উদ্যোগে এক বৈঠক অনুষ্ঠিত হয়। বৈঠকে মুখ্যমন্ত্রী অধ্যাপক ডক্টর মানিক সাহা, দলের প্রার্থী কৃতি সিং দেববর্মন, প্রদেশ সভাপতি রাজীব ভট্টাচার্য ও অন্যান্য নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন। বৈঠকে পূর্ব ত্রিপুরা লোকসভা আসনের নির্বাচনে দলের প্রস্তুতি নিয়ে আলোচনা হয়।

*******************

**Election Camping:**

বিরোধী দলনেতা জিতেন্দ্র চৌধুরী আজ সাব্রুমে পূর্ব ত্রিপুরা আসনের ইন্ডিয়া জোটের প্রার্থী রাজেন্দ্র রিয়াং-র সমর্থনে সাব্রুমে আয়োজিত কনভেনশনে বক্তব্য রাখেন। বিরোধী দলনেতা নির্বাচনী বন্ড সহ বিভিন্ন বিষয়ে শাসক দলের সমালোচনা করেন।

বিজেপির দক্ষিণ জেলা কমিটির উদ্যোগে লোকসভা নির্বাচনকে সামনে রেখে পূর্ব ত্রিপুরা লোকসভা আসনের দলীয় প্রার্থীর সমর্থনে জোলাইবাড়ি কমিউনিটি হলে সাংগঠনিক বৈঠক অনুষ্ঠিত হয়। বৈঠক বিজেপির দক্ষিণ জেলা সভাপতি শংকর রায়, বিধায়ক মাইলাফ্রু মগ সহ দলীয় নেতা-কর্মীরা উপস্থিত ছিলেন।

এদিকে, ইন্ডিয়া জোটের কংগ্রেস প্রার্থী আশীষ কুমার সাহা আজ বিলোনিয়ায় নির্বাচনী প্রচারে গিয়ে দলীয় অফিসে সিপিআইএম নেতৃবৃন্দের

সঙ্গে মিলিত হন। বৈঠকে বাদল চৌধুরী, বিধায়ক দীপংকর সেন, জেলা কংগ্রেস সভাপতি মৃদুল পাটারী উপস্থিত ছিলেন।

ধর্মনগরের বিবেকানন্দ সার্ধশতবার্ষিকী ভবনে বিজেপি মনোনীত প্রার্থী সমর্থনে আজ এক সাংগঠনিক বৈঠক অনুষ্ঠিত হয়। বৈঠকে মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা, বিধানসভার অধ্যক্ষ বিশ্ববন্ধু সেন সহ অন্যান্য নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন।

সি,পি,আই(এম) ও কংগ্রেস নেতৃবৃন্দের উপস্থিতিতে কৈলাশহরে আজ এক বৈঠক অনুষ্ঠিত হয়। বৈঠকে ইন্ডিয়া জোটের জেলা সমন্বয় কমিটি গঠন করা হয়।

২৫ সদস্যক কমিটির যুগ্ম-আহ্বায়ক হয়েছেন, সি,পি,আই(এম) জেলা সম্পাদক কৃষ্ণেন্দু চৌধুরী ও জেলা কংগ্রেস সভাপতি মোঃ বদরুজ্জামান।

*******************

**Bar election:**

আজ ত্রিপুরা বার অ্যাসোসিয়েশনের ভোট সম্পন্ন হয়েছে। নির্বাচনের দায়িত্বে থাকা রিটার্নিং অফিসার সন্দীপ দত্ত চৌধুরী জানান, মোট ৫০০ জন ভোটারের মধ্যে ৪৬৬ জন বার অ্যাসোসিয়েশনের সদস্য আইনজীবী ভোট দিয়েছেন। শেষ খবর পাওয়া পর্যন্ত চার রাউন্ডের মধ্যে তিন রাউন্ডের গণনা শেষ হয়েছে। উল্লেখ্য, ত্রিপুরা বার অ্যাসোসিয়েশনে আগামী দুই বছরের জন্য ১৫ জনের কমিটি গঠনের জন্য ভোটগ্রহন হয়েছে।

*******************

**Governor-Condolense:**

রাজ্যের বিশিষ্ট সাহিত্যিক শ্যামল চৌধুরীর প্রয়াণে রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লু গভীর শোক প্রকাশ করেছেন এবং তাঁর পরিবার পরিজনদের প্রতি সমবেদনা জানিয়েছেন।

রাজ্যপাল শোকবার্তায় বলেছেন, 'শ্যামল চৌধুরী একজন প্রখ্যাত লেখক, সাহিত্যিক ছিলেন। বাংলাদেশ সরকার তাঁকে 'মুক্তিযোদ্ধা মৈত্রী' সম্মানে ভূষিত করেছিল। শিক্ষা, সংস্কৃতি এবং ঐতিহ্যের ক্ষেত্রে বিশেষ অবদানের জন্যে বিশেষ সাহিত্য সংস্কৃতি পুরস্কার সহ বিভিন্ন সময়ে তিনি বিভিন্ন পুরস্কারে সম্মানিত হয়েছেন। উল্লেখ্য, প্রয়াত শ্যামল চৌধুরী মন্ত্রী সুশান্ত চৌধুরীর পিতা।

*******************

**CM- Condolense:**

মুক্তিযুদ্ধ মৈত্রী সম্মাননাপ্রাপ্ত বিশিষ্ট প্রাবন্ধিক শ্যামল চৌধুরীর প্রয়ানে শোক প্রকাশ করেছেন মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা। শোকবার্তায় মুখ্যমন্ত্রী বলেছেন, তাঁর প্রয়ান রাজ্যের সাহিত্যমহলে এক বিশেষ ক্ষতি। তিনি বিদেহী আত্মার শান্তি কামনা করেছেন এবং শোকসন্তোপ্ত পরিবারের প্রতি সমবেদনা জানিয়েছেন। তাছাড়া সাংসদ বিপ্লব কুমার দেব ও কেন্দ্রীয় সামাজিক ন্যায় বিচার ও ক্ষমতায়ন প্রতিমন্ত্রী প্রতিমা ভৌমিক প্রাবন্ধিক শ্যামল চৌধুরীর প্রয়ানে শোকপ্রকাশ করেছেন।

*******************

**Media Certification & Monitoring Committee:**

আসন্ন অষ্টাদশ লোকসভা নির্বাচনকে সামনে রেখে ঊনকোটি জেলাতে মিডিয়া সার্টিফিকেশন ও মনিটরিং কমিটি গঠন করা হয়েছে। কমিটির চেয়ারম্যান হয়েছেন, ঊনকোটি জেলার জেলা শাসক দিলীপ কুমার চাকমা। সদস্য-সচিব হয়েছেন , তথ্য -সংস্কৃতি দপ্তরের সহ-অধিকর্তা বিশ্বজিৎ দেব।

জেলা নির্বাচন আধিকারিক তথা জেলা শাসকের অফিস সূত্রে এই সংবাদ জানা গেছে।

*******************

**Evm/ Vvpat Gomati:**

গোমতী জেলায় দুই পর্বে ভোট গ্রহণ  সুষ্ঠুভাবে সম্পূর্ণ করার লক্ষ্যে আজ গোমতী জেলার তিনটি মহকুমার স্টংরুমে ভোট গ্রহণ কাজে ব্যবহারের জন্যে ইভিএম মেশিন ও ভি ভি প্যাট মেশিন নিয়ে যাওয়া হয়েছে l গোমতি জেলাশাসক তথা জেলা নির্বাচন আধিকারিক তড়িৎ কান্তি চাকমা একথা জানান l

*******************

**Woman's Cricket:**

টিসিএ পরিচালিত মহিলাদের আমন্ত্রণমূলক ঘরোয়া টি-২০ ক্রিকেট প্রতিযোগিতায় ব্লাডমাউথ ক্লাব চ্যাম্পিয়ন হয়েছে। আজ এম বি বি স্টেডিয়ামে অনুষ্ঠিত ফাইন্যালে ব্লাডমাউথ ক্লাব ৫৪ রানে জুটমিল কোচিং সেন্টারকে পরাজিত করে। প্রথমে ব্যাট করতে নেমে ব্লাডমাউথ ২০ ওভারে ৫ উইকেট হারিয়ে ১২৮ রান করে। দলের পক্ষে রিজু সাহা ৪০ ও অম্বিকা দেবনাথ ২৮ রান করেন। জবাবে জুটমিল কোচিং সেন্টার ১৭ ওভার ১ বল-এ সবকটি উইকেট হারিয়ে ৭৪ রান করে। দলের পক্ষে ইন্দ্ররাণী জমাতিয়া ৩২ রান করেন। ব্লাডমাউথ ক্লাবের প্রিয়া ত্রিপুরা ১৮ রানে ৩টি উইকেট পান।

*******************

**Super Division:**

টিসিএ পরিচালিত ঘরোয়া সুপার ডিভিশন লিগ ক্রিকেট প্রতিযোগিতার একদিনের সীমিত ওভারের আসরে আজ অনুষ্ঠিত দুটি খেলায় সংহতি ক্লাব ও স্ফুলিঙ্গ ক্লাব ক্লাব জয়লাভ করেছে। নরসিংগড়ের পিটিএ মাঠে স্ফুলিঙ্গ ক্লাব ৩ উইকেটে জয়নগর ক্রিকেট ক্লাবকে এবং টিআইটি মাঠে সংহতি ক্লাব ৫ উইকেটে শতদল সংঘকে পরাজিত করে।

*******************

**Under 13 Cricket:**

টিসিএ পরিচালিত রাজ্যভিত্তিক অনূর্ধ্ব ১৩ বছরের ক্রিকেট প্রতিযোগিতার আজ গ্রুপের শেষ দুটি খেলা হয়। এতে নেপকো মাঠে অনুষ্ঠিত খেলায় সদর-বি ১৪৬ রানে জিরাণীয়াকে এবং উদয়পুরের কেবিআই মাঠে স্বাগতিক উদয়পুর ১০ উইকেটে অমরপুকে হারিয়ে দেয়।

*******************

*******************